

এক নজরে CBCS

২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে U.G.C এবং পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের নির্দেশক্রমে বর্ধমান বিশ্ববিদ্যালয় তার অধীনে সমস্ত ডিগ্রি কলেজ গুলিতে CBCS শিক্ষা পদ্ধতি বাধ্যতামূলক করেছে।

C.B.C.S কী?:- প্রথমেই বুঝে নেওয়া যাক CBCS পদ্ধতিটি কী? CBCS-এর পুরো কথাটি হল Choice Based Credit System। একজন শিক্ষার্থীকে যে যে বিষয় পড়তে হবে তাকে পাঁচটি ভাগে ভাগ করা হয়েছে। (i) Core Course (CC) (ii) Discipline Specific Elective (DSE) Course (iii) Generic Elective (GE) Course (iv) Ability Enhancement Compulsory Courses (AECC) (v) Skill Enhancement Course (SEC) । এই পাঁচটিভাগ অনার্স ও জেনারেল উভয় ছাত্র ছাত্রীদেরই পড়তে হবে।

Core Course (CC):- ধরা যাক কেউ বাংলা অথবা গনিতে অনার্স নিল। সে ক্ষেত্রে তার Core Course বা CC হবে যে বিষয়ে অনার্স নিয়েছে সেটাই। যারা B.A জেনারেল ভর্তি হবে তারা দুটি বিষয় পছন্দ করবে। সেই দুটি বিষয় তাদের CC হবে। এছারা জেনারেলের ছাত্র ছাত্রীদের Core Course হিসেবে প্রথম অর্ধবর্ষে [Language-1] অর্থাৎ ইংরাজী পড়তে হবে, দ্বিতীয় অর্ধবর্ষে Language-2 (বাংলা) পড়তে হবে। তৃতীয় অর্ধবর্ষে আবার Language-1 এবং চতুর্থ অর্ধবর্ষে Language-2 পড়তে হবে (একমাত্র কলেজের নির্দিষ্ট বিষয় গুলির মধ্যে থেকেই) । B.Sc জেনারেলের ক্ষেত্রে ছাত্রছাত্রীদের প্রথম অর্ধবর্ষ থেকে চতুর্থ অর্ধবর্ষ পর্যন্ত তিনটি বিষয় প্রতি অর্ধবর্ষে পড়তে হবে।

Generic Elective (GE) Course:- Generic Elective Course বা GE বলতে বোঝায় Core Course অতিরিক্ত অন্য বিষয়। B.A অনার্সের ছাত্রছাত্রীদের অনার্সের বিষয় ছাড়া অতিরিক্ত দুটি বিষয় পছন্দ করতে পারবে, এক্ষেত্রে ও কলেজের নির্দিষ্ট বিষয় গুলির মধ্যে থেকেই। ধরা যাক বাংলা অনার্সের কোন ছাত্র ছাত্রী ইতিহাস এবং দর্শন GE হিসাবে নিল। সেক্ষেত্রে দুটি বিষয়ের যেটি প্রথম, সেটির প্রথম ও দ্বিতীয় পত্র, প্রথম দুটি অর্ধবর্ষে পড়তে হবে; এবং দ্বিতীয় বিষয়টির তৃতীয় ও চতুর্থ পত্র তৃতীয় ও চতুর্থ অর্ধবর্ষে পড়বে। B.A অনার্সের ছাত্রছাত্রীদের GE এর বিষয়, সিলেবাস হবে ঐ বিষয়ের B.A General এর CC যেটা সেটা। অর্থাৎ পূর্বে উদাহরণের ইতিহাস এবং দর্শনের General-CC এর বিষয় গুলি। B.Sc অনার্সের ছাত্রছাত্রীদের ক্ষেত্রেও একই ব্যাপার।

Discipline Specific Elective (DSE) Course:- DSE অনার্স এবং জেনারেল উভয় ছাত্রছাত্রীদেরই পড়তে হবে। এটি হল কোন বিষয়ের গভীরতর অনুশীলন। অনার্সের ক্ষেত্রে পঞ্চম ও ষষ্ঠ অধিবর্ষে এটি পড়তে হবে, Core Course-এর পাশাপাশি B.A, B.Sc এবং B.Com সবার ক্ষেত্রে এটি প্রযোজ্য। ছাত্রছাত্রীরা যে বিষয়ে অনার্স নেবে সেই বিষয়েরই DSE তাদের পড়তে হবে। জেনারেলের ক্ষেত্রে ছাত্রছাত্রীরা যে যে বিষয় গুলি নেবে সেই বিষয়েরই DSE তাদের পড়তে হবে।

Ability Enhancement Compulsory Courses (AECC):- এই কোর্সটি অনার্স ও জেনারেল সবার ক্ষেত্রে বাধ্যতামূলক। এর মধ্যে যে বিষয়ে গুলি আছে তা হল, ENVS, MIL(Modern Indian Language, এক্ষেত্রে বাংলা) এগুলি পড়তে হবে প্রথম দুটি অর্ধবর্ষে।

Skill Enhancement Course (SEC):- এই কোর্সটি ও অনার্স এবং জেনারেল উভয় ছাত্রছাত্রীদেরই পড়বে। এর উদ্দেশ্য হল যে কোন পঠিত বিষয়ের সঙ্গে তার প্রায়োগিক দিকটিকে সংযুক্ত করা। অনার্সের ক্ষেত্রে B.A, B.Sc এবং B.Com অনার্স বিষয়ের SEC পড়তে হবে। এটি পড়ানো হবে তৃতীয় ও চতুর্থ অর্ধবর্ষে, দুটি কোর্স, B.A, B.Sc জেনারেলের চারটি করে SEC Paper পড়তে হবে, যা শুরু হবে তৃতীয় অর্ধবর্ষে থেকে ষষ্ঠ অর্ধবর্ষ পর্যন্ত। B.Com এর ক্ষেত্রে তৃতীয় অর্ধবর্ষে একটি, চতুর্থ তে দুটি এবং ষষ্ঠ অর্ধবর্ষে একটি কোর্স পড়তে হবে। এক্ষেত্রেও B.A/B.Sc/B.Com নিজেদের থেকেই SEC Course পড়তে হবে।

বিাদ্রা:-

(১) B.A, B.Sc এবং B.Com এর অনার্সে ছাত্রছাত্রীদের L₁/L₂ পড়তে হবে না।

জেনারেল B.A ছাত্রছাত্রীদের L₁/L₂ পড়তে হবে।

জেনারেল B.Sc ছাত্রছাত্রীদের L₁/L₂ পড়তে হবে না।

জেনারেল B.Com ছাত্রছাত্রীদের প্রথম অর্ধবর্ষে L₁ এবং তৃতীয় অর্ধবর্ষে L₁2 পড়তে হবে L₂ পড়তে হবে না।

(২) CC, DSE এবং GE কোর্স গুলির পরীক্ষা Semester পদ্ধতিতে অর্থাৎ ৬ মাস অন্তর হবে। পূর্ণমান-৭৫; এর মধ্যে ৬০ নম্বর বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা এবং ১৫ নম্বর আভ্যন্তরীণ। এই আভ্যন্তরীণ ১৫ নম্বর এর মধ্যে ৫ নম্বর উপস্থিতির জন্য, এবং ১০ নম্বর আভ্যন্তরীণ মূল্যায়নের। AECC এবং SEC এর কোন আভ্যন্তরীণ মূল্যায়নের নেই।